

১) অর্থ লেখ।

- ক) উভয়পার্শ্ব — দু-পাশ।
খ) সর্বত্রই — সব জায়গাতেই।
গ) জীবনধারণ — বেঁচে থাকা।
ঘ) প্রত্যাবর্তন — ফিরে যাওয়া।
ঙ) অল্লাহারে — কম খাওয়া।

২) শূন্যস্থান পূরণ কর।

- ক) সন্ধ্যার পূর্বেই নেকড়ে - মাকড়সারা নিজ নিজ বাসায় প্রত্যাবর্তন করে।
খ) নেকড়ে - মাকড়সার শিকার ধরার কৌশল অতি অদ্ভুত।
গ) ডিম ফুটে বাচ্চা বের হবার পর সেগুলি কয়েকদিন বাসার মধ্যেই অবস্থান করে।
ঘ) মেঝেতে মাছি বসতে দেখলেই মাকড়সা এক-পা দু-পা করে অতি সন্তর্পণে তার দিকে অগ্রসর হয়।
ঙ) নেকড়ে - মাকড়সারা কোনো নিরাপদ স্থানে চুপ করে বসে বিশ্রাম করে।

৩) একটি বাক্যে উত্তর দাও।

- ক) নেকড়ে - মাকড়সা কোথায় দেখতে পাওয়া যায়?
উঃ আমাদের দেশে প্রায় সর্বত্রই ঘরের দেয়াল, মেঝে বা বেড়ার গায়ে নেকড়ে মাকড়সা দেখতে পাওয়া যায়।
খ) এরা কত ইঞ্চি লম্বা হয়?
উঃ এরা প্রায় আধ ইঞ্চি লম্বা হয়।
গ) নেকড়ে - মাকড়সা কী শিকার করে জীবনধারণ করে?
উঃ নেকড়ে - মাকড়সা মাছি শিকার করে জীবনধারণ করে।
ঘ) এরা একসাথে কতগুলি ডিম পাড়ে?
উঃ এরা একসাথে প্রায় পনেরো - ষোলোটি ডিম পাড়ে।
ঙ) নেকড়ে - মাকড়সার অধিকাংশ বাচ্চারই কীসের সুযোগ হয় না?
উঃ নেকড়ে - মাকড়সার অধিকাংশ বাচ্চারই প্রয়োজনমতো শিকার ধরবার সুযোগ হয় না।

৪) সঠিক উত্তরের মাথায় (✓) চিহ্ন দাও।

- ক) নেকড়ে - মাকড়সার পিঠের দু-পাশে (কালো ডোঁরাকাটা দাগ / শুধু একটি কালো দাগ) থাকে।
খ) নেকড়ে - মাকড়সা সাধারণত (দিনের বেলায় / রাতের বেলায়) শিকার করে।
গ) এদের বাচ্চারা বাঁচার জন্য বাধ্য হয়ে (শিকার করে / চুরি করে)।
ঘ) নেকড়ে - মাকড়সার বাচ্চারা পিঁপড়ের থেকেও বেশি (জোরে ছুটতে পারে / জোরে ছুটতে পারে না)।
ঙ) এরা চুরি করা খাবার (ঘরে রেখে সঞ্চয় করে / সঙ্গে সঙ্গে খেয়ে ফেলে)।